




কৌশলপত্র ২০৩০ নিউজলেটার



সিটি কর্পোরেশন কর্তৃক কৌশলপত্র ২০৩০ বাস্তবায়ন



নাগরিক সম্পৃক্ততা
বিষয়ক প্রশিক্ষণ

পৃষ্ঠা ২

কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি:

৫ম স্টিয়ারিং কমিটির সভায় সিটি কর্পোরেশনের গভর্ন্যান্স উন্নয়ন কৌশলপত্র বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অগ্রগতি তুলে ধরা হয়।

স্থানীয় সরকার বিভাগ গত ১৬ জানুয়ারি ২০২৫ তারিখে সিটি কর্পোরেশনের গভর্ন্যান্স উন্নয়ন কৌশলপত্র বাস্তবায়ন পর্যালোচনা করার জন্য ৫ম আন্তঃমন্ত্রণালয় স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করে। ১২টি সিটি কর্পোরেশনের উর্ধ্বতন কর্মকর্তাদের উপস্থিতিতে ২০২৪ সালে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক পরিচালিত ১ম বার্ষিক সিটি গভর্ন্যান্স মূল্যায়ন ও ২য় সিটি গভর্ন্যান্স মূল্যায়ন (সিজিএ) এর প্রস্তুতিসহ কৌশলপত্রের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়।

একই দিনে স্থানীয় সরকার বিভাগ ও জাইকা'র জয়েন্ট কো-অর্ডিনেশন কমিটি সিফরসি-২* কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করার জন্য এক সভায় মিলিত হয়। সিফরসি-২ প্রকল্পটি কৌশলপত্রের মূল ক্ষেত্রগুলিতে অর্থাৎ মানসম্মত ও সমন্বিত বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুতে অভিন্ন ফর্ম ব্যবহার করে বাজেট এবং আর্থিক প্রতিবেদন প্রস্তুতে, নাগরিকদের সম্পৃক্ততা এবং পদ্ধতিগত প্রশিক্ষণ আয়োজনে সহায়তা করে আসছে। সভায় সরকার এবং সিটি কর্পোরেশনের প্রাতিহাসিক কার্যপ্রক্রিয়া এবং সাংগঠনিক ব্যবস্থায় চলমান উত্তম অনুশীলন ও পদ্ধতিসমূহ প্রাতিষ্ঠানিকীকরণের উপর জোর দেওয়া হয়।

পরবর্তীতে, সিফরসি-২ প্রকল্প ১২টি সিটি কর্পোরেশনের কর্মকর্তাদের অংশগ্রহণে আইনি বাধ্যবাধকতার অংশ হিসেবে বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনের উপর গুরুত্বারোপ করে পারস্পরিক শিখনমূলক একটি অনলাইন পর্যালোচনা সভার আয়োজন করে। সভার আলোচনায় প্রতীয়মান হয় যে, বিগত তিন বছরে বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনের মান ধাপে ধাপে উন্নতি হয়েছে। উল্লেখ্য যে, প্রতিবেদনটি আরও উন্নত করতে নিয়মিত তথ্য সংরক্ষণ এবং আন্তঃবিভাগীয় সমন্বয় কার্যক্রমে গভীর মনোনিবেশ করার উপর গুরুত্ব আরোপ করা হয়।



*C4C এর অর্থ হলো "Capacities for Cities"। জাইকার কারিগরি সহযোগিতায় স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাবলী "সিটি কর্পোরেশনের সক্ষমতা উন্নয়ন" শীর্ষক প্রকল্পের দ্বিতীয় পর্যায় হচ্ছে C4C-2.

মানসম্মত পরিষেবা প্রদানের লক্ষ্যে

এনআইএলজি ও সিফরসি ২ - এর যৌথ উদ্যোগে নাগরিক সম্পৃক্ততা বিষয়ক প্রশিক্ষণ

মানসম্মত পরিষেবা প্রদানের ক্ষেত্রে নাগরিকদের সাথে সম্পৃক্ততা এখন একটি পূর্বশর্ত। বাংলাদেশে জাতীয় ও স্থানীয় সরকারগুলোর কাছ থেকে এখন এটি আগের চেয়েও বেশি আশা করা হচ্ছে। বিষয়টির গুরুত্ব উপলব্ধি করে, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি), স্থানীয় সরকার বিভাগের নির্দেশনায় এবং সিফরসি ২ প্রকল্পের সহায়তায় ২০২৫ সালের জানুয়ারি মাসে সিটি কর্পোরেশন কর্মকর্তাদের জন্য নাগরিক সম্পৃক্তকরণ বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করে। সকল সিটি কর্পোরেশন থেকে প্রধান নির্বাহী কর্মকর্তা, বস্তি উন্নয়ন কর্মকর্তাসহ বিভিন্ন বিভাগ থেকে মোট ৬৩ জন কর্মকর্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। এনআইএলজি'র অনুমদ সদস্যগণ সিফরসি ২ প্রকল্প থেকে প্রশিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেন এবং প্রশিক্ষণ সহায়তাকারী হিসেবে প্রশিক্ষণ প্রদান করেন।



প্রশিক্ষণের উদ্দেশ্য ছিল সিটি কর্পোরেশনের অংশগ্রহণকারীদের নাগরিক সম্পৃক্ততা বিষয়ক কার্যক্রমকে আরও ভালভাবে পরিকল্পনা করা এবং বাস্তবায়নে সহায়তা করা। এতে নাগরিক সম্পৃক্ততার তিনটি দিক অন্তর্ভুক্ত ছিল- নাগরিক তথ্যপ্রচার (স্থানীয় সরকার থেকে নাগরিকের নিকট পর্যন্ত একমুখী যোগাযোগ), নাগরিক অংশগ্রহণ এবং নাগরিক মতামত। অংশগ্রহণকারীগণ লেকচার এবং একাধিক দলীয় অনুশীলনের মাধ্যমে কীভাবে নাগরিকদের কাছে কার্যকরভাবে তথ্য শেয়ার করতে হয়, নাগরিক সংলাপের জন্য বিদ্যমান ফোরামগুলিকে আরও কীভাবে কার্যকর করা যায় এবং নাগরিক জরিপের মতো টুলসের মাধ্যমে কীভাবে নাগরিক মতামতের প্রতিফলন ঘটানো যায় তা তারা শিখেছে। তারা জাপানের স্থানীয় সরকার এবং বাংলাদেশের সিটি কর্পোরেশনগুলো কর্তৃক পরিচালিত নাগরিক সম্পৃক্ততা কার্যক্রমের অনেক গুরুত্বপূর্ণ ও কার্যকর উদাহরণের কথাও শুনেছেন, যা তাদের নিজস্ব কার্যক্রমের পরিকল্পনা করতে সহায়তা করবে।



সিটি কর্পোরেশনের কর্মকর্তাগণের দলীয় কাজে সক্রিয় অংশগ্রহণ

নাগরিক সম্পৃক্ততার ৩টি মূলদিক:

নাগরিকদের নিকট তথ্য প্রচার/সরবরাহ

এটি একটি একমুখী যোগাযোগ ব্যবস্থা। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের পরিষেবা, সিদ্ধান্ত, সমস্যা এবং নাগরিক দায়িত্ব সম্পর্কে নাগরিকদের নিকট তথ্য প্রচার/সরবরাহ।

নাগরিক অংশগ্রহণ

দ্বিমুখী বা সরাসরি যোগাযোগ ব্যবস্থা। নাগরিকদের ধারণা/সুপারিশসমূহ জানা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সিদ্ধান্তগুলো যৌথভাবে অগ্রাধিকারকরণের লক্ষ্যে নাগরিক ও সিটি কর্পোরেশনসমূহের মধ্যে দ্বিমুখী/সরাসরি যোগাযোগ।

নাগরিক মতামত

স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের পরিষেবা, নীতি বা উদ্যোগ সম্পর্কে নাগরিকদের কাছ থেকে মতামত, মন্তব্য, পরামর্শ সংগ্রহ করা।